

কক্সবাজারে ঝিনুক আকৃতির দৃষ্টি নন্দন রেলস্টেশন

- A Monitor Desk Report

Date: 12 September, 2021



পর্যটক আকর্ষণ বাড়াতে বিশ্বের দীর্ঘতম সমুদ্র সৈকত কক্সবাজারে নির্মিত হচ্ছে বিশ্বমানের রেল স্টেশন। সাগর পাড়ে বিশাল আকৃতির এক ঝিনুক। তার পেটের মধ্যে মুল্লোর দানা। এমন আকৃতির নকশায় নির্মিত হচ্ছে কক্সবাজার রেল স্টেশন। পর্যটন নগরীতে এই নান্দনিক রেলস্টেশন ভবনের নির্মাণের কাজ চলছে।

কক্সবাজারকে কেন্দ্র করে সরকার যে উন্নয়নের মহাপরিকল্পনা বাস্তবায়ন করছে দৃষ্টিনন্দন এই স্থাপনা তারই অংশ। কিছু দিন আগেও যেখানে ছিলোনা রেললাইন, সেই সাগরপাড়েই এবার হচ্ছে ট্রেনের দৃষ্টিনন্দন বাড়ি।

রেলওয়ে সূত্র জানিয়েছে, স্টেশনটির অবস্থান কক্সবাজার বাস টার্মিনালের বিপরীতে চৌধুরীপাড়ায়।

ঝিনুকটির দুই অংশের মাঝে ফাঁকা থাকবে ছয় তলা উচ্চতার সমান। এই ঝিনুকটির পেটেই হবে মূল স্টেশন, যেখানে থাকবে আন্তর্জাতিক মানের স্টেশনের সব সুবিধা।

দোহাজারি কক্সবাজার এবং কক্সবাজার-ঘুমধুম প্রকল্পের প্রকল্প পরিচালক মফিজুর রহমান জানান, দ্বিতীয় তলার ফুট ওভার ব্রীজ ব্যবহার করে যাত্রীরা উঠবেন ট্রেনে।

৬ তলা স্টেশন ভবনে যাত্রীদের ওয়েটিং রুম, শিশু যন্ত্র কেন্দ্র, শিশুদের খেলার জায়গা, রেস্টুরেন্ট, আবাসিক হোটেল, মিলনায়তনসহ আধুনিক সব সুবিধা থাকবে।

তিনি জানান, চট্টগ্রামের দোহাজারি থেকে কক্সবাজারের ঘুমধুম পর্যন্ত ১২৮ কিলোমিটার রেলপথ নির্মাণের প্রকল্পের অধীনে নির্মিত হচ্ছে ঝিনুক আকৃতির এই স্টেশন।

ইতোমধ্যে দ্বিতীয় তলা পর্যন্ত নির্মাণ কাজ শেষ হয়েছে। নান্দনিক নির্মাণশৈলীর এই স্টেশনটি চালু হলে সৈকতের নগরীতে পর্যটক বহুগুণ বাড়বে বলে আশা সংশ্লিষ্টদের।

